ভোরের কাগজ

32

তারিখ SEP 27 1999
পৃষ্ঠা 9 কলাম 6

### দর্শনা সরকারি কলেজ

# শিক্ষকস্বল্পতা ও আবাসিক সংকটের কারণে শিক্ষা কার্যক্রম ব্যাহত

আবুসুফিয়ান-দর্শনা (চুয়াডাঙ্গা) থেকে : ৩০ বছরের পুরোনো দর্শনা সরকারি কলেজ দীর্ঘদিন ধরে শিক্ষকস্বল্পতা, ছাত্রাবাস ও শিক্ষকদের আবাসিক সংকটসহ নানাবিধ সমস্যায় জর্জরিত। ফলে প্রতিনিয়ত ব্যাহত হচ্ছে এর শিক্ষা কার্যক্রম।

১৯৬৯ সালের জুলাই মাসে স্থানীয় ইক্ষুচাষীদের অর্থনৈতিক সহযোগিতায় প্রতিষ্ঠিত হয় এ কলেজটি। ১৯৮৩ সালের ম মাসে এটিকে সরকারিকরণ করা হয় কিন্তু সরকারিকরণের পর থেকেই যে শিক্ষকস্বল্পতা দেখা দেয় তা আজো দূর করা সম্ভব হয়নি। কলেজটিতে বর্তমানে অধ্যক্ষ, সহকারী অধ্যক্ষসহ ১৬ জন শিক্ষকের পদ খালি। মাত্র ২৪ জন শিক্ষক দিয়ে কার্যক্রম চালিয়ে নেওয়া হচ্ছে।

কলেজে বর্তমানে ১ হাজার ১৮০ জন ছাত্রছাত্রী রয়েছে। ছাত্রাবাস না থাকায় এদের কলেজের পার্শ্ববর্তী বিভিন্ন এলাকায় মেসে থাকতে দিয়ে অর্থনৈতিক সমস্যাসহ বখাটে যুবকদের অত্যাচার নীরবে সহ্য করতে হয়।

অধ্যক্ষসহ শিক্ষকদের জন্য নেই কোনো বাসস্থান। দর্শনায় আবাসিক সংকট প্রকট। ফলে অভিজ্ঞ শিক্ষকদের এ কলেজে পোস্টিং হলেও তারা অন্যত্র বদলির জন্য চেষ্টা চালান এবং চলেও যান। যার কারণে শিক্ষা কার্যক্রম একেবারে ঝিমিয়ে পড়েছে।

বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। ফলে বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীরা ব্যবহারিক শিক্ষার ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হয়। এছাড়া লাইব্রেরিতে প্রয়োজনীয়সংখ্যক বইও নেই। কলেজের ছাত্রছাত্রীসহ অভিভাবকরা এসব সমস্যার কথা জানিয়ে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক এবং শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি প্রেরণ করলেও তাতে কোনো লাভ হয়নি। তারা এ ব্যাপারে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।

# ঝালকাঠী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি শুরু

ঝালকাঠী প্রতিনিধি : গত ২৫ সেপ্টেম্বর থেকে জেলার রাজাপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা বকেয়া বেতন ভাতার দাবিতে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালন শুরু করেছে।

অডিট কমিটির রিপোর্ট অনুযায়ী বিদ্যালয়ের ২ লাখ টাকা জমা থাকলেও শিক্ষকদের বকেয়া ইনক্রিমেন্ট ও স্কুল অংশে প্রাপ্য বেতনের টাকা না দেওয়ার কারণে ইতিপূর্বে তারা ম্যানেজিং কমিটিকে অবহিত করে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত আলটিমেটাম দিয়েছিল।